

## আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা।

Website: [www.bb.org.bd](http://www.bb.org.bd)

ডিএফআইএম সার্কুলার নং-০৬

তারিখ : ৫ বৈশাখ ১৪২৯  
১৮ এপ্রিল ২০২২

প্রধান নির্বাহী/ব্যবস্থাপনা পরিচালক  
বাংলাদেশে কার্যরত সকল আর্থিক প্রতিষ্ঠান।

প্রিয় মহোদয়,

### আমানত ও ঋণ/লিজ/বিনিয়োগের সুদ/মুনাফার হার যৌক্তিকীকরণ প্রসঙ্গে।

সাম্প্রতিক সময়ে আর্থিক প্রতিষ্ঠানসমূহের আমানত সংগ্রহ ও ঋণ/লিজ/বিনিয়োগের সুদ/মুনাফার হার পর্যালোচনায় দেখা গেছে যে, কিছু কিছু আর্থিক প্রতিষ্ঠান বিদ্যমান বাজার হারের সাথে সামঞ্জস্য বজায় না রেখে তুলনামূলক উচ্চ সুদ/মুনাফার হারে আমানত গ্রহণের ফলে অযৌক্তিকভাবে প্রতিষ্ঠানসমূহের তহবিল ব্যয় বৃদ্ধি পাচ্ছে। এর প্রভাবে আর্থিক প্রতিষ্ঠানসমূহকে উচ্চ সুদ/মুনাফার হারে গ্রাহকের অনুকূলে ঋণ/লিজ/বিনিয়োগ সুবিধা প্রদান করতে হচ্ছে। ফলশ্রুতিতে ঋণ গ্রহীতাগণের ঋণ পরিশোধের সক্ষমতা হ্রাস, খেলাপি ঋণের পরিমাণ ও হার বৃদ্ধি এবং উৎপাদনসহ সামগ্রিক অর্থনীতিতে নেতিবাচক প্রভাব পড়ছে।

২। বর্ণিত প্রেক্ষাপটে, আমানত সংগ্রহ ও ঋণ/লিজ/বিনিয়োগের সুদ/মুনাফার হার যৌক্তিকীকরণের মাধ্যমে বিনিয়োগবান্ধব পরিবেশ সৃষ্টির লক্ষ্যে আর্থিক প্রতিষ্ঠানসমূহের আমানতের উপর সুদ/মুনাফার হার সর্বোচ্চ ৭% এবং সকল প্রকার ঋণ/লিজ/বিনিয়োগের উপর সুদ/মুনাফার কার্যকরী হার সর্বোচ্চ ১১%-এ নির্ধারণ করা হলো।

৩। এ নির্দেশনা ১লা জুলাই, ২০২২ তারিখ হতে কার্যকর হবে।

৪। নির্দেশনা কার্যকর হওয়ার পর নতুনভাবে আহরিত সকল আমানত এবং বিদ্যমান ও নতুনভাবে মঞ্জুরিকৃত সকল ঋণ/লিজ/বিনিয়োগ-এর সুদ/মুনাফার হার এই সার্কুলারে বর্ণিত সর্বোচ্চ সুদ/মুনাফার হারের অধিক হবে না। তবে এ নির্দেশনা কার্যকর হওয়ার পূর্বে আহরিত আমানতের ক্ষেত্রে পূর্ব ঘোষিত সুদ/মুনাফার হার উক্ত আমানতের বর্তমান মেয়াদপূর্তির পর এ নির্দেশনা অনুযায়ী নির্ধারিত হবে।

৫। আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ এর ১৮(ক), (ঘ) ও (ছ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত



(মোঃ জুলকার নায়েন)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০১৭৮